

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

| | |
|---|--------------------------|
| অতিরিক্ত পরিচালক, ডিএই, ঢাকা অঞ্চল, ঢাকা এর কার্যালয় | |
| উপ-পরিচালক/মনিটরিং অফিসার/ কৃষি প্রকৌশলী/ কারিগর/ প্রয়োজনীয় | |
| প্রধান সহকারী/ হিসাব শাখা/ ব্যক্তিগত সহকারী | ব্যবস্থা নিন / নিরীক্ষণ/ |
| উন্নয়ন শাখা/ পরিসংখ্যান সহকারী/ স্টোরকিপার | সংরক্ষণ/ আলাপ করুন |
| প্রাপ্তি নং- ২২২০ | |
| তারিখঃ ০৬/১০/২০২২ | অতিরিক্ত পরিচালক |

স্মারক নং ৩৬৬৬(২৪)

তারিখঃ ০৬/১০/২০২২

বিষয়ঃ জাতীয় ইদুর নিধন অভিযান ২০২১ এর সফল বাস্তবায়নের লক্ষ্যে নির্দেশনা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১১ অক্টোবর ২০২১ থেকে ১০ নভেম্বর ২০২১ পর্যন্ত সারা দেশে এক মাস ব্যাপি ইদুর নিধন অভিযান ২০২১ এর কর্মসূচি বাস্তবায়িত হবে। কর্মসূচি কার্যকর ও সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কাজগুলো যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর তত্ত্বাবধানে আগামী ১১ অক্টোবর ২০২১ তারিখে জাতীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করবে। জাতীয় পর্যায়ের উদ্বোধনীর পর ১২-১৮ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে অঞ্চল জেলা ও উপজেলা পর্যায়ের উদ্বোধন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
২. জেলা পর্যায়ের অনুষ্ঠান জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী বা তাঁর মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ের মাননীয় সংসদ সদস্য বা তাঁর মনোনীত প্রতিনিধির মাধ্যমে উদ্বোধন করতে হবে।
৩. অঞ্চল এবং জেলা পর্যায়ের কর্মকর্তাদের কর্মসূচি বাস্তবায়ন ও ইদুর নিয়ন্ত্রণ সম্পর্কিত ১ (এক) দিনের আলোচনার জন্য ডিএই এর বিশেষজ্ঞ, বিএআরআই বিশেষজ্ঞ, বিআরআরআই বিশেষজ্ঞ এবং বিনা বিশেষজ্ঞ বৃন্দকে অন্তর্ভুক্ত করতে হবে।
৪. উপপরিচালকের অধীন উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের এক (০১) দিনের কর্মশালা করে ইদুর নিধন অভিযান ২০২১ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিবেন।
৫. ইদুর নিধন বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের লিফলেট, জারিগান, মাইকিং ও মসজিদের ইমাম গণের সহায়তায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যেতে পারে।
৬. উপসহকারী কৃষি কর্মকর্তা কর্তৃক কৃষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণের সময় মাল্টিমিডিয়া ব্যবহার করা যেতে পারে। এবং উক্ত প্রশিক্ষণে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৭. অভিযান চলাকালীন নিধনকৃত ইদুরের লেজ সর্বোচ্চ ০৩ (তিন) দিন সংরক্ষণ করে রেজিষ্টারে কমিটির ০২ (দুই) জন সদস্য /অফিসারের স্বাক্ষরের মাধ্যমে লিপিবদ্ধ ও ধংস করতে হবে এবং অভিযান শেষ হবার সাত থেকে দশ (০৭-১০) কর্মদিবসের মধ্যে নিধনকৃত মোট ইদুরের সংখ্যা ও কর্মসূচির বিস্তারিত প্রতিবেদন জেলা অফিসে প্রেরণ করতে হবে।
৮. সর্বস্তরের জনগণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে উপজেলা পর্যায়ের কর্মকর্তাপণ গ্রামের মসজিদ, মাদ্রাসা, হাট ও বাজারে মাইকিং এবং স্কুল কলেজের ছাত্র- ছাত্রীদের নিয়ে মিটিং ও সমাবেশ নিশ্চিত করার বিষয়ে জোর দিতে হবে।
৯. আইপিএম ক্লাব/আইএফএমসি/সিআইজিসহ ডিএই এর অন্যান্য গ্রুপের কৃষকদের (যেখানে যা রয়েছে) মাধ্যমে অন্যান্য কৃষকদের ইদুর নিধনে উদ্বুদ্ধকরণ নিশ্চিত করতে হবে।
১০. অভিযান চলাকালে ডিলারদের দোকানে যাতে পর্যাপ্ত পরিমাণ ইদুরনাশক/বিষটোপ মজুদ থাকে এবং দোকানে ইদুর কর্তৃক ক্ষতির ধরণ, জীবন চক্র ইত্যাদি তথ্য সম্বলিত ছবিসহ ব্যানার লাগানোর ব্যবস্থা করতে হবে।